# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**26 AUGUST 2024** **7:45—7:55 PM IST**


==========================================================

(১) বিজেপি প্রার্থী রামেশ্বর তেলী ও মিশন রঞ্জন দাস বিনা প্রতিদ্বন্দিতায় রাজ্যসভায় নির্বাচিত ।

(২) রাজ্যের আইন-শৃঙ্খলা পরিস্থিতি অটুট রাখার স্বার্থে সব থানার অধীনে পুলিশ ও আধাসামরিক বাহিনীর পদব্রজে টহল ।

(৩) রাজ্যসরকারের তৃতীয় শ্রেণীর লিখিত পরীক্ষা আগামী ১৫ সেপ্টেম্বর অনুসঠিত হবে বলে রাজ্য পর্যায়ের নিযুক্তি কমিশনের ঘোষণা ।

এবং

(৪) দেশের বিভিন্ন প্রান্তের সঙ্গে আসাম তথা বরাক উপত্যকায়ও শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী পালন ।

---

বিজেপি প্রার্থী রামেশ্বর তেলী ও মিশন রঞ্জন দাস বিনা প্রতিদ্বন্দিতায় রাজ্যসভায় নির্বাচিত হয়েছেন । আজ দুজন ই রিটার্নিং আধিকারিকের কাছ থেকে জরী হোয়ার প্রমাণপত্র গ্রহণ করেন । উল্লেখ্য রাজ্যসভা নির্বাচনের মনোনয়ন প্রত্যাহারের আজ ছিল শেষ দিন । বিরোধী কোনো প্রার্থী না দেওয়ায় বিজেপির উভয় প্রার্থীকে আজ বিজয়ী ঘোষনা করা হয় ।

---

প্রাক্তন সাংসদ পল্লবলোচন দাসকে আসাম রাজ্য পরিবহন নিগমের অধ্যক্ষ হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছে ।এর আগে এই পদে বিজেপির প্রবীন নেতা মিশন রঞ্জন দাস কার্যনির্বাহ করেছিলেন ।মিশন রঞ্জন দাস রাজ্যসভায় নির্বাচিত হোয়ায় তার স্থানে পল্লব লোচন দাসকে নিযুক্তি দেওয়া হয় ।

---

জনসাধারণের নিরাপত্তা সুনিশ্চিত করা তথা রাজ্যের আইন শৃঙ্খলা পরিস্থিতি অটুট রাখার স্বার্থে সব থানার অধীনে পুলিশ ও আধাসামরিক বাহিনীর যৌথ টহলের ব্যবস্থা করা হয় । রাজ্যের সব জেলায় জনসাধারণকে আশ্বস্ত করতে পুলিশ বিভাগ বিশেষ টহলের ব্যবস্থা করেছে ।জেলাগুলির আযুক্ত , পুলিশ সুপার , আধাসামরিক বাহিনী , আসাম পুলিশের কমান্ডো তথা আসাম পুলিশের আধিকারিকরা ও এই কার্যসূচীতে অংশ গ্রহণ করা পরিলক্ষিত হয় । তিনসুকিয়ার আযুক্ত এই কার্যসূচী সম্পর্কে বলেন যে জনসাধারণের সংগে নিবিড় সম্পর্ক গড়ে তোলা সহ তাদের সমস্যা সম্পর্কে অবগত হোয়ার উদ্দেশ্যে পুলিশ বিভাগের পক্ষ থেকে পদযাত্রা কার্যসূচী গ্রহণ করা হয় । সমাজের সব শ্রেণীর লোককে , আইন শৃঙ্খলাজনিত কোনো সমস্যার সম্মুখীন হলে স্থানীয় পুলিশ অথবা নবগঠিত চক্রপর্যায়ের টাস্ক ফোর্সকে অবগত করাতে তিনি আহ্বান জানান ।

---

রাজ্য পর্যায়ের নিযুক্তি কমিশন তৃতীয় শ্রেণীর পদের জন্য আসামে উচ্চতর মাধ্যমিক পর্যায়ের তিন হাজার ১২৭ টি পদের লিখিত পরীক্ষা আগামী ১৫ সেপ্টেম্বর অনুষ্ঠিত করার কথা ঘোষণা করেছে । কমিশন আজ এ সম্পর্কে বিজ্ঞপ্তি জারী করেছে ।পরীক্ষার্থীরা আগামী দোসরা সেপ্টেম্বর সকাল ১১ টা থেকে আসাম মাধ্যমিক শিক্ষা পর্ষদের ওয়েবসাইট www.site.sebaonline.orgঅথবা www.assam.gov.in এর মাধ্যমে এডমিট কার্ড ডাউনলোড করতে পারবে । লিখিত পরীক্ষার দিন প্রার্থীদের এই প্রবেশপত্র প্রদর্শন করা সহ প্রবেশ পত্রে লিখিত নির্দেশগুলি মেনে চলার জন্য বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে । একইভাবে কোনো সহায়তার জন্য প্রার্থীদের 95823-90056 টোল-ফ্রি নম্বরে যোগাযোগ করতে বলা হয়েছে ।

---

আসাম বিধানসভার শরৎকালীন অধিবেশনের দ্বিতীয় দিনের কার্যসূচী আগামীকাল থেকে অনুষ্ঠিত হবে । আগামীকাল সংকল্প প্রস্তাব ও বেশকয়েকটি বিল উত্থাপনের সম্ভবনা

রয়েছে ।অন্যদিকে আগামী বুধবার পরিপূরক দাবী মঞ্জুরির ওপরে আলোচনা ও ভোটদান হবে । উল্লেখ্য গত ২২ শে আগস্ট বিধানসভার শরৎকালীন অধিবেশন শুরু হয় । তবে এই কয়েকটি দিন বন্ধ থাকার পর পুনরায় আগামীকাল থেকে বিধানসভা অধিবেশনের কাজকর্ম আরম্ভ হবে ।৩০ শে আগস্ট পর্যন্ত এই অধিবেশন চলবে ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার জনস্বাস্থের প্রতি হুমকি আনা ১৫৬ ধরণের ঔষধের বিক্রী ও ব্যবহার নিষিদ্ধ করেছে । জ্বর , সর্দি , কাশি , এলার্জি , ব্যথা ইত্যাদিতে ব্যবহৃত এই ঔষধের উৎপাদন তথা মজুতকরণে ও কেন্দ্রীয় সরকার নিষেধাজ্ঞা আরোপ করেছে ।উল্লেখ্য উচ্চতম ন্যায়লয়ের নির্দেশ অনুযায়ী ২০১৬ সালে গঠন করা বিশেষজ্ঞ সমিতির পরামর্শ অনুযায়ী এই ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । নিষিদ্ধ করা ঔষধের তালিকায় রয়েছে সেট্রিজিন , এইচ সি এল পেরাসিটামল , ফেনিলেফ্রি , প্রপোনোলামাইন ইত্যাদি ।বিশেষজ্ঞ সমিতির পরামর্শ অনুযায়ী এর আগে ১৪ ধরণের ফিক্সড ডজ কম্বিনেশন ঔষধে নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

সমগ্র দেশে আজ শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী উৎসব পালন করা হচ্ছে ।এ উপলক্ষ্যে ভক্তপ্রাণ জনসাধারণ মন্দিরে গিয়ে পূজাঅর্চনা করছেন ।উত্তরপ্রদেশের মথুরা এবং বৃন্দাবনে উৎসাহ উদ্দীপনায় শ্রীকৃষ্ণের জন্মোৎসব পালন করা হচ্ছে । প্রভু শ্রীকৃষ্ণের জন্মস্থান বাঁকে বিহারী মন্দির ,প্রেম মন্দির , ইস্কন মন্দির এবং শ্রীকৃষ্ণ জনমভূমি মন্দির সহ অন্যান্য মন্দিরগুলি জন্মাষ্টমী উপলক্ষ্যে সুন্দরভাবে সাজিয়ে তোলা হয়েছে ।
এদিকে রাজ্যের বিভিন্ন প্রান্তের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায়ও শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী উৎসব আনন্দ উল্লাসের সঙ্গে পালন করা হচ্ছে । কাছাড় জেলার শিলচরের বিভিন্ন মঠ ,মন্দির ও আখড়া জন্মাষ্টমী উপলক্ষ্যে আলোকমালায় সাজিয়ে তোলা হয়েছে । আজ সকালে অষ্টমী তিথি শুরু হবার পর থেকেই বিভিন্ন মন্দিরে ভক্তদের সমাগম পরিলক্ষিত হয়েছে । শিলচরের শ্যাম সুন্দর আখড়া ,ইসকন মন্দির ,গৌড়ীয় মঠ ,মদন মোহন আখড়া সহ অন্যান্য মঠ মন্দিরে ভগবান শ্রীকৃষ্ণের বিশেষ স্নান পূজা অর্চনার আয়োজন করা হয়েছে । এছাড়া জন্মাষ্টমী উপলক্ষ্যে নানা প্রতিযোগীতা ও সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়েছে ।
করিমগঞ্জ জেলায়ও জন্মাষ্টমী পালন করা হচ্ছে । করিমগঞ্জ ইসকন মন্দির সহ বিভিন্ন আখড়াকে সাজিয়ে তোলা হয়েছে এবং গোপালের বিশেষ স্নান সহ পূজা অর্চনা করা হয়েছে । জন্মাষ্টমী উপলক্ষ্যে কয়েকটি ধর্মীয় প্রতিষ্ঠানে কৃষ্ণ সাজো প্রতিযোগীতা ,বসে আঁকো প্রতিযোগীতা ইত্যাদির আয়োজন করা হয়েছে ।

রাষ্ট্রপতি দ্রৌপদী মূর্মু জন্মাষ্টমীর প্রাকমূহূর্তে  দেশবাসী তথা প্রবাসী ভারতীয়দের প্রতি শুভেচ্ছা জ্ঞাপন করেন । এক বার্তায় রাষ্ট্রপতি বলেন যে এই উৎসব আমাদের ভগবান শ্রীকৃষ্ণের ঐশ্বরিক আদর্শের প্রতি নিজেকে সমর্পিত করার জন্য উৎসাহিত করে । তিনি শ্রীমদ্ভাগবত গীতায় থাকা শ্রীকৃষ্ণ ও অর্জুনের কথোপকথনকে সমগ্র মানব জাতির জন্য উত্তরণ ও প্রেরণার শাশ্বত উৎস বলে আখ্যা দেন । রাষ্ট্রপতি শ্রীকৃষ্ণের আদর্শে পরিচালিত হওয়া সহ দেশের সমৃদ্ধি তথা প্রগতির জন্য কাজ করার ক্ষেত্রে প্রতিশ্রুতিবদ্ধ হতে সবার প্রতি আহ্বান জানান ।
উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড় জন্মাষ্টমী উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়ে বলেন যে জন্মাষ্টমী হচ্ছে গভীর আধ্যাত্মিক তাৎপর্যের দিন সেইসঙ্গে তিনি ভগবান শ্রীকৃষ্ণের কালজয়ী শিক্ষাকে সবার জীবনে প্রতিফলিত করতে এবং সমাজে ঐক্য -শান্তি ও সম্প্রীতি গড়ে তোলার আহ্বান জানান ।
প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও জন্মাষ্টমী উপলক্ষ্যে দেশবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান ।
আসামের রাজ্যপাল লক্ষণপ্রসাদ আচার্য জন্মাষ্টমী উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । এক বার্তায় রাজ্যপাল বলেন যে জন্মাষ্টমী হচ্ছে ধর্ম ,কর্ম ও সত্যের প্রতিমূর্তি শ্রীকৃষ্ণের জন্মদিন উদযাপন করার এক উপলক্ষ্য । ভগবান শ্রীকৃষ্ণের
পূজাঅর্চনা মানব জাতিকে সমর্পিত করার জন্য অনুপ্রাণিত করে এবং সত্য পথে এগিয়ে যাবার পথ দেখায় বলে রাজ্যপাল মন্তব্য করেন । মূখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মাও জন্মাষ্টমী উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা জ্ঞাপন করেন । শ্রীকৃষ্ণের কৃপাদৃষ্টি সবার জীবনে সুখ ও শান্তির বার্তা বয়ে নিয়ে আসবে বলে তিনি আশা প্রকাশ করেন ।

---------------------------------------------------------------------------------------

এদিকে হাইলাকান্দি জেলায়ও আজ উৎসাহ-উদ্দীপনায় ভগবান শ্রীকষ্ণের জন্ম দিন জন্মাষ্টমী পালন করা হচ্ছে । এ উপলক্ষ্যে বিশ্ব হিন্দু পরিষদের হাইলাকান্দি শাখায় শিশুদের মধ্যে কৃষ্ণ সাজো প্রতিযোগীতার আয়োজন করা হয়েছে । এছাড়াও জন্মাষ্টমী উপলক্ষ্যে একটি ধর্ম সভার আয়োজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার কাটলিছড়া রাজস্ব চক্রের অধীন কিল্লারবাক অঞ্চলে ধলেশ্বরী নদীর ভাঙ্গনের ফলে অসম ও মিজোরামের মধ্যে রেল যোগাযোগ ব্যবস্থা  বন্ধ হয়ে পড়েছে এবং জামিরা রেল স্টেশনের নিকটে প্রায় ৫০ মিটার রেল পথ  বিপদজনক অবস্থায় রয়েছে । এদিকে রেল বিভাগ যুদ্ধকালীন তৎপরতায় ভাঙ্গা রেল পথ সংস্কারের কাজ

শুরু করলেও মিজোরামের সঙ্গে রেল পরিষেবা এখনো শুরু করা সম্ভব হয় নি বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন ।

--------------------------------------------------------------------------------

অল আসাম ইলেক্ট্রিসিটি কনজিউমার্স এসোসিয়েশনের কাছাড় জেলা কমিটির এক সভা আজ শিলচর ইটখলায় অনুষ্ঠিত হয়েছে । নির্মল কুমার দাসের পৌরহিত্যে আয়োজিত সভায় বিদ্যুত-এর স্মার্ট মিটার ব্যবস্থা অবিলম্বে প্রত্যাহারের দাবীতে আগামী ১১ই সেপ্টেম্বর গুয়াহাটীতে বিদ্যুৎ ভবন অভিযান এবং ১৯শে সেপ্টেম্বর শিলচরে বিদ্যৎ গ্রাহক সমাবেশ ও মিছিল করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে । আজকের বৈঠকে সংগঠনের পক্ষে দীপংকর চন্দ , কমল চক্রবর্তী , হিল্লোল ভট্টাচার্য্য প্রমূখ বক্তব্য রাখেন ।

--------------------------------------------------------------------------------

ধলাই মাতৃভূমি কাপ প্রাইজমানি নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় ভাগা এ আর দল ৩-১ গোলের ব্যবধানে এস পি এম আর্জানপুর দলকে পরাজিত করে । স্থানীয় বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার আগামীকালের খেলায় নাজিয়া এন্টারপ্রাইজ মূখোমূখি হবে এম এম আর এস দলের বিরুদ্ধে ।

--------------------------------------------------------------------------------